**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সেইন্ট লরেন্স কাউন্টির ওয়াডিংটন গ্রামের 11 মিলিয়ন মার্কিন ডলারের বর্জ্যপানি পরিশোধন প্রকল্পের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন ঘোষণা

***বয়িষ্ণু অবকাঠামোর প্রতিস্থাপন জনস্বাস্থ্য রক্ষা করবে এবং ভবিষ্যৎ বন্যার প্রভাব প্রশমন করবে***

***নিউ ইয়র্ক স্টেটের 300 মিলিয়ন ডলারের স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটের স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) মাধ্যমে সেইন্ট লরেন্স কাউন্টির ওয়াডিংটন গ্রামের 11 মিলিয়ন মার্কিন ডলারের বর্জ্যপানি সংগ্রহ ও পরিশোধনাগারের উন্নয়ন প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়েছে। বর্জ্যপানি পরিশোধনের জন্য সংগ্রহ ব্যবস্থা এবং পরিশোধনাগারের মালিকানা ও পরিচালনা ওয়াডিংটন গ্রামের।

"2019 সালে লেক অন্টারিও ও সেইন্ট লরেন্স নদী সংলগ্ন এলাকার বন্যা পুরো অঞ্চলের অবকাঠামো ও সম্প্রদায়সমূহের অর্থনীতিকে বিপর্যস্ত করেছে," **গভর্নর হোকল বলেন।** "এখন, REDI কর্মসূচির মাধ্যমে, ওয়াডিংটন গ্রামের মতো উপকূলরেখার সম্প্রদায়সমূহ জলবায়ু স্থিতিস্থাপকতার কথা মাথায় রেখে আরো ভালোভাবে পুনর্গঠনের জন্য একটি অগ্রগামী চিন্তার পন্থা ব্যবহার করছে। আজকে ঘোষিত 11 মিলিয়ন মার্কিন ডলারের বর্জ্যপানি সংগ্রহ ও পরিশোধনাগার প্রকল্পের মতো বিনিয়োগের মাধ্যমে বন্যা প্রশমন অবকাঠামোকে উন্নত ও বলিষ্ঠ করার মাধ্যমে আমরা শুধু বাসিন্দা ও সম্পত্তিকে রক্ষা করছি না, বরং তার সাথে গ্রামের অতি গুরুত্বপূর্ণ পর্যটন শিল্পকে নিরাপদ রাখছি এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য জীবনযাত্রার মান উন্নত করছি।"

সেইন্ট লরেন্স নদীর নিকটবর্তী হওয়ার জন্য, বর্জ্যপানির পরিশোধন অবকাঠামোটি পানির উচ্চ সীমা ও বন্যার দ্বারা নেতিবাচকভাবে প্রভাবিত হচ্ছে, অনুপ্রবেশ এবং অন্তর্বাহের মতো সমস্যা সৃষ্টি হচ্ছে যা ওয়াডিংটন গ্রামে ঝড়ের সিউয়ার না থাকার ফলে আরো খারাপ হচ্ছে। প্রকল্পটি বয়িষ্ণু অবকাঠামোকে বর্তমান মানদণ্ডের সাথে মানানসই করবে, জনস্বাস্থ্য রক্ষা করবে এবং সম্ভবই অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রচার করবে। পাশাপাশি, প্রকল্পটি বন্যা স্থিতিস্থাপকতা ব্যবস্থা

বাস্তবায়ন করবে যা ভবিষ্যতে পানি বেড়ে গেলে তার প্রভাব হ্রাস করার জন্য নকশা করা হয়েছে।

প্রকল্পটিতে স্থিতিস্থাপকতা ব্যবস্থার মধ্যে রয়েছে:

1. বিদ্যমান সেকেলে লাইনিং বিহীন মাটির টাইলের সিউয়ার মেইন সংগ্রহ ব্যবস্থাকে নতুন মেইন এবং ম্যানহোল দ্বারা প্রতিস্থাপিত করা যাতে পানির সীমা বেড়ে গেলে তার সাথে সংশ্লিষ্ট ভূগর্ভস্থ পানির অনুপ্রবেশ এবং অন্তর্বাহ হ্রাস করা যায়;
2. নতুন ঝড় সিউয়ার ও ক্যাচ বেসিন নির্মাণ যা পৃষ্ঠতলের প্রবাহ বহন এবং সাম্প পাম্পের অন্তর্বাহ বহন করার জন্য পর্যাপ্ত আকারের হবে, ছাদের ড্রেইন এবং এরিয়া ড্রেইন নির্মাণ যাতে স্যানিটারি ব্যবস্থায় অযাচিত ঝড়ের প্রবাহ হ্রাস করা যায়;
3. পুরো সংগ্রহ ব্যবস্থার সাতটি পাম্প স্টেশনের প্রত্যেকটি পাম্প প্রতিস্থাপন এবং নিয়ন্ত্রণ, নতুন মিটার, নতুন অ্যালার্ম, নতুন জানালা, দরজা ও ছাদ পাবে;
4. সংগ্রহ ব্যবস্থার মেইন ডাম্প স্টেশনে স্বয়ংক্রিয় বদলি সুইচসহ একটি নতুন স্থায়ী জরুরি জেনারেটর যোগ করা হবে; এবং
5. পরিশোধনাগারের উন্নয়নের মধ্যে থাকবে বয়িষ্ণু অবকাঠামোর প্রতিস্থাপন বা মেরামত করা যা বোনের ঘটনা থেকে পরিশোধন প্রক্রিয়াকে নিরাপদ রাখার জন্য নকশা করা হবে।

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ও REDI কমিশনের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন,** "লেক অন্টারিও ও সেইন্ট লরেন্স নদীর পানির সীমার বর্ধিত অস্থিরতা অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোকে ঝুঁকির সম্মুখীন করেছেন, বিশেষ করে উপকূলরেখা সংলগ্ন সম্প্রদায়সমূহের বর্জ্যপানি পরিশোধনাগারকে। স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিগুলি সম্প্রদায়গুলির সাথে সহযোগিতামূলক কাজ করছে ঝুঁকিতে থাকা সম্পদ সনাক্ত, পুনঃকল্পনা এবং পুনর্গঠন করার জন্য। এইসব বিনিয়োগের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট স্থানীয় অর্থনীতিসমূহকে জোরদার করছে, জনস্বাস্থ্য রক্ষা করছে, প্রাণীর আবাসস্থল উন্নত করছে এবং অত্যাবশ্যকীয় অবকাঠামোকে নিরাপদ রাখছে। DEC ওয়াডিংটন গ্রামের সাথে কাজ করে এমন প্রকল্পসমূহকে অগ্রসর করতে পেরে গর্বিত যা ভবিষ্যৎ বন্যার ক্ষেত্রে এই সম্প্রদায়ের প্রস্তুতিকে সমর্থন করে।"

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন,** "আজকের ঘোষণা হলো জলবায়ু পরিবর্তন ও চরম আবহাওয়ার সম্মুখীন হওয়া উপকূলরেখার সম্প্রদায়সমূহকে প্রবৃদ্ধি, সমৃদ্ধি ও স্থিতিস্থাপকতার অবস্থানে স্থাপন করার জন্য বাস্তব সমাধান প্রদান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ। EFC আমাদের স্টেটের অংশীদারদের সাথে কাজ করে ওয়াডিংটন গ্রামকে এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ চালানোর জন্য 11 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে পেরে আনন্দিত।"

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সেই লরেন্স কাউন্টির REDI কমিশনার জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "নিউ ইয়র্কের REDI কমিশন অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পের জন্য যেই কাজ হাতে নিয়ে তা নিয়ে বিদ্যুৎ কর্তৃপক্ষ অত্যন্ত গর্বিত, যার মধ্যে রয়েছে ওয়াডিংটনের বর্জ্যপানি পরিশোধনাগার প্রকল্প। এই পরিশোধনাগারটির সংস্কার একটি প্রধান উদাহরণ যে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে জনস্বাস্থ্য রাখা এবং অত্যাবশ্যকীয় সম্প্রদায়ের সংস্থানকে নিরাপদ রাখতে স্থানীয় সম্প্রদায়সমূহকে সহায়তা করার জন্য কৌশলী বিনিয়োগ করছে।"

**স্টেটের সিনেটর প্যাটি রিচি বলেন,** "আমি ওয়াডিংটন গ্রামের বর্জ্যপানি সংগ্রহ ও পরিশোধনাগারের উন্নয়ন প্রচেষ্টার কাজ শুরু হতে দেখতে পেরে খুশি। এই প্রকল্পের মাধ্যমে, শুধু অবকাঠামো প্রকৃতি থেকে আরো নিশ্চিতভাবে নিরাপদ হবে না, বরং এই উন্নয়ন এমনভাবে করা হবে যাতে তা জনস্বাস্থ্যকে আরো ভালোভাবে সুরক্ষা প্রদান করবে। পাশাপাশি, আমরা সকলেই জানি দৃঢ়, নির্ভরযোগ্য অবকাঠামো অর্থনৈতিক কর্মকাণ্ডের চাবিকাঠি এবং এই ধরনের উন্নয়ন এলাকার বিকাশ কে উৎসাহিত করতে সাহায্য করবে।"

**অ্যাসেম্বলি সদস্য মার্ক ওয়ালজিক বলেন,** "এই বর্জ্যপানি ও সিউয়েজ অবকাঠামো প্রকল্পটি ওয়াডিংটনের জন্য অনেক দিন ধরেই প্রয়োজন এবং এটি স্টেটের সমর্থন ছাড়া সম্ভব হতো না।"

**সেইন্ট লরেন্স কাউন্টির চেয়ারম্যান উইলিয়াম শেরিডান বলেন,** "সেইন্ট লরেন্স নদী সংলগ্ন সর্বশেষ REDI প্রকল্পটি হলো ওয়াডিংটনের বর্জ্যপানি পরিশোধন ও ঝড়ের পানি সংগ্রহের প্ল্যান্ট। এটি একটি অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্প যা একটি বর্ধিষ্ণু সম্প্রদায়ের টেকসই অবস্থার উন্নয়ন করবে। নদী সংলগ্ন এই এলাকাটি কাউন্টির প্রধান জলাশয়গুলির একটির নিকটে অবস্থিত তাদের প্ল্যান্টে 11 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন দ্বারা ভীষণভাবে লাভবান হবে। আমরা REDI উদ্যোগসমূহের প্রতি গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য তার প্রতি কৃতজ্ঞ যা দ্বারা ক্ষতি থেকে পুনরুদ্ধার ও ভবিষ্যতের প্রস্তুতি গ্রহণের সময় বহু সম্প্রদায় লাভবান হচ্ছে।"

**ওয়াডিংটন গ্রামের মেয়র মাইক জাগ্রোবেলনি বলেন,** "ওয়াডিংটন গ্রামের মেয়র হিসেবে আমি গভর্নর হোকল ও REDI কমিশনের প্রতি কৃতজ্ঞ, আগামী প্রজন্মসমূহের জন্য ওয়াডিংটনের অবকাঠামো নিরাপদ রাখতে এই অত্যাবশ্যকীয় সাহায্যের জন্য। স্টেটের প্রতিশ্রুতি গ্রামটিকে ওয়াডিংটন বর্জ্যপানি পরিশোধন ও সংগ্রহ ব্যবস্থা এবং ঝড়ের পানি সংগ্রহ ব্যবস্থার (Waddington's Wastewater Treatment and Collection System) হালনাগাদকরণের প্রথম পর্যায়ের কাজ শুরু করতে দেয়। ব্যবস্থাটির অনেকাংশই প্রায় 100 বছর পুরনো এবং এটি ওয়াডিংটনকে পানির সীমার পরিবর্তনের প্রতি আরো স্থিতিস্থাপক করবে এবং একইসাথে গ্রামের অবকাঠামো ও প্রাণীর আবাসস্থলের মধ্যকার সূক্ষ্ম ভারসাম্য সংরক্ষণ করবে। আমি বিশেষভাবে কৃতজ্ঞ গ্রামের বোর্ডের বর্তমান ও অতীতের সদস্যদের প্রতি, গ্রামের কর্মী, স্থানীয় ঠিকাদার, এবং NYS এজেন্সিসমূহে প্রতি যারা এই প্রকল্পকে বাস্তব করতে সাহায্য করছে।

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা ও অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা ও ওসওয়েগো, জেফারসন ও সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো ও অন্যান্য সম্পদ ও জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-র মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর বন্যা প্রবণ অঞ্চলের টেকসই অবস্থা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 51টি নকশা পর্যায়ে, 40টি নির্মাণ পর্যায়ে, এবং 43টি প্রকল্প শেষ হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418